

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১০

৪. কিতাবুল ঈলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ দ্বীন ইসলামে যে বিষয়গুলো প্রকাশ করা এড়িয়ে যাওয়া হয়েছে, সেসবের পিছে না পড়া আবশ্যক হওয়া প্রসঙ্গে

ذِكْرُ الْإِخْبَارِ عَمَّا يَجِبُ عَلَى الْمَرْءِ مِنْ تَرْكِ التَّكَلُّفِ فِي دِينِ اللَّهِ بِمَا تُنُكِّبَ عنه وأغضي عن إبدائه

## আরবী

أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا بِشِّرُ بْنُ بَكْرٍ عَنِ الْأَوْزَاعِيِّ عَنِ الزُّهْرِيِّ قَالَ: أَخْبَرَنِي عَامِرُ بْنِ سَعْدِ بْنِ أَبِي وَقَّاصٍ عَنْ أَبِيهِ أَنَّ رَسُولَ الْأَوْزَاعِيِّ عَنِ النَّهُ عَلَيْهِ وسلم قَالَ:

(إِنَّ أَعْظَمَ النَّاسِ فِي الْمُسْلِمِينَ جُرماً مَنْ سَأَلَ عَنْ مَسْأَلَةٍ لَمْ تحرَّم فحُرِّمَ على المسلمين من أجل مسألته)

[تعليق الشيخ الألباني]

صحيح \_ ((الصحيحة)) (3276): ق.

الحديث: 110 ¦ الجزء: 1 ¦ الصفحة: 216

## বাংলা

১১০. সা'দ বিন আবু ওয়াক্কাস রাদিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "মুসলিমদের মাঝে সবচেয়ে বড় অপরাধী সেই ব্যক্তি যে এমন কোন বিষয়ে প্রশ্ন করে, যা মুসলিমদের উপর হারাম ছিল না, কিন্তু তার প্রশ্ন করার কারণে হারাম করে দেওয়া হয়।"[1][2]



## ফুটনোট

- 1. সহীহ আল বুখারী: ৭২৮৯; সহীহ মুসলিম: ১৩২; আবু দাউদ: ৪৬১০; মুসনাদ আশ শাফি'ঈ: ১৭৯৯; ইমাম বাগাবী, শারহুস সুন্নাহ: ১৪৪; মুসনাদুল হুমাইদী: ৬৭ প্রভৃতি। হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৩২৭৬)
- 2. উক্ত হাদীস থেকে প্রতীয়মান হয় যে, শরীয়তে যেসব অপ্রয়োজনীয় বিষয়কে স্বেচ্ছাপ্রণোদিতভাবে এড়িয়ে যাওয়া হয়েছে, সেসব বিষয়ে অযথাই জিজ্ঞাসাবাদ করা নিষিদ্ধ। তবে কোন প্রয়োজনীয় বিষয়ে জানার জন্য প্রশ্ন করা নিষিদ্ধ নয়। (শারহুস সুন্নাহ: ১/৩১০; শারহু মুসলিম: ১৫/১১১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন